

দপ্তরের কার্যাবলী

- ক) মৎস্য ও চিংড়ি চাষী এবং উদ্যোক্তাদের উন্নত প্রযুক্তিভিত্তিক মাছ ও চিংড়ি চাষের পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান।
খ) মুক্ত জলাশয়ে মৎস্য সম্পদ উন্নয়নের লক্ষ্যে সমাজভিত্তিক মৎস্য ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা এবং মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন।
গ) মৎস্য ও চিংড়ি চাষ উন্নয়নের লক্ষ্যে প্রকল্পের কারিগরি উপযোগিতা যাচাই ও প্রকল্প প্রস্তাব প্রণয়নে সহায়তা প্রদানের মাধ্যমে উদ্যোক্তা ও মৎস্যচাষীকে ঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান।
ঘ) উন্নত জাতের পোনা সহ মাছ ও চিংড়ি চাষের বিভিন্ন উৎপাদন উপকরণ সংগ্রহ ও সরবরাহে সহযোগিতা প্রদান।
ঙ) উপজেলাধীন মৎস্য সম্পদের তথ্য ও উপাত্ত সংগ্রহ এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা।
চ) মৎস্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত উন্নয়ন প্রকল্পের অধীনে গৃহীত কার্যক্রম বাস্তবায়ন।
ছ) মৎস্য মাননিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর করার লক্ষ্যে মাছ ও চিংড়ি চাষে অননুমোদিত দ্রব্যের ব্যবহার বন্ধে চাষীদের উদ্বুদ্ধকরণ এবং সংক্রমণের উৎস সনাক্তকরণ ও হ্যাসাপ কার্যক্রম বাস্তবায়ন।
জ) আহরণোত্তর মাছ ও চিংড়ি অবতরণ কেন্দ্র/ ডিপো পরিদর্শন এবং সেগুলোর পরিষ্কার পরিচ্ছন্নতা রক্ষায় উদ্বুদ্ধকরণ।
ঝ) জনগণকে উন্নত প্রযুক্তি ব্যবহারে মাছ চাষে উদ্বুদ্ধ করার নিমিত্ত নতুন প্রযুক্তি হাতে-কলমে প্রদর্শনের লক্ষ্যে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের সাহায্যে প্রদর্শনী মৎস্য খামার স্থাপন।
ঞ) মৎস্য ও চিংড়ি চাষ এবং ব্যবস্থাপনা বিষয়ে বিভিন্ন সম্প্রসারণ সামগ্রী চাষী/ মৎস্যজীবীদের মধ্যে বিতরণ।

সেবা প্রদানকারী কর্মকর্তা-কর্মচারীদের পদবী :

- ক) সহকারী মৎস্য কর্মকর্তা
খ) ক্ষেত্র সকারী

যথাসময়ে সেবা পাওয়া না গেলে যার সহায়তা চাইবেন :

- ক) উপজেলা মৎস্য কর্মকর্তা
ফোন : ০২৩৩৪৪৯৫৭৭৮

চূড়ান্তভাবে নিষ্পত্তি না হলে বা সময়মত সহায়তা পাওয়া না গেলে যার কাছে অভিযোগ করবেন (সময়সীমা- ০৩ কর্মদিবস)

- ক) জেলা মৎস্য কর্মকর্তা
ফোন : +৮৮০৩২১৬১৬৮১

সেবার বিবরণ ও প্রদানের সময়সীমা:

| ক্র. নং | সেবাসমূহ | সেবা গ্রহণকারী | সেবা প্রদানের সময়সীমা |
|---------|--|-----------------------------------|------------------------|
| ১ | মৎস্য উৎপাদন বৃদ্ধির কার্যকর ব্যবস্থা/ পরিকল্পনা গ্রণের মাধ্যমে জনগণকে পুষ্টি যোগানে সহায়তা প্রদান | মৎস্য চাষী / উদ্যোক্তা | অফিস সময়ে |
| ২ | মৎস্য চাষ বিষয়ক বিষয় ভিত্তিক প্রশিক্ষণ / মত বিনিময় সভা আয়োজনের মাধ্যমে সম্প্রসারণ সেবা প্রদান | মৎস্য চাষী / উদ্যোক্তা | অফিস সময়ে |
| ৩ | অফিসে আগত মৎস্যচাষীদের মৎস্য চাষ বিষয়ক পরামর্শ সেবা প্রদান | মৎস্য চাষী / উদ্যোক্তা | অফিস সময়ে |
| ৪ | মৎস্য চাষ সম্প্রসারণের লক্ষ্যে ব্যক্তি/ প্রতিষ্ঠানকে মৎস্য ঋণ প্রাপ্তিতে সহায়তা সেবা প্রদান | মৎস্য চাষী / উদ্যোক্তা | অফিস সময়ে |
| ৫ | মৎস্য চাষের আধুনিক উপকরণ ও যন্ত্রপাতি সংগ্রহে সংশ্লিষ্ট জনগণকে সহায়তা সেবা প্রদান | মৎস্য চাষী / উদ্যোক্তা/ মৎস্যজীবী | অফিস সময়ে |
| ৬ | বাণিজ্যিক ভিত্তিতে জনগণকে মাছ চাষে উদ্বুদ্ধকরণ ও কারিগরী সহায়তা সেবা প্রদান | মৎস্য চাষী / উদ্যোক্তা/ মৎস্যজীবী | অফিস সময়ে |
| ৭ | দেশী প্রজাতির মৎস্য সংরক্ষণ ও সম্প্রসারণে সহায়তা সেবা প্রদান | মৎস্য চাষী / উদ্যোক্তা/ মৎস্যজীবী | অফিস সময়ে |
| ৮ | মাছ ও চিংড়ি অবতরণ কেন্দ্র/ ডিপো পরিদর্শন এবং সেগুলোর পরিষ্কার পরিচ্ছন্নতা রক্ষায় পরামর্শ সেবা প্রদান | মৎস্য চাষী / উদ্যোক্তা/ জনগণ | অফিস সময়ে |
| ৯ | জনস্বার্থে প্রয়োজনীয় অন্যান্য যে কোন সেবা প্রদান | মৎস্য চাষী / উদ্যোক্তা/ জনগণ | অফিস সময়ে |